

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ)

টেলিফোন : +৮৮-২২২৬৬৬৮৮০১, +৮৮-২২২৬৬৬৮৮০৫
ওয়েবসাইট : www.bncu.gov.bd
ইমেইল : natcombd@yahoo.com

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (৬ষ্ঠ তলা)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

সোমবার ১৯ আগস্ট ২০২৫

প্রেস রিলিজ

Dissemination of Key Findings of Global Education Monitoring (GEM) Report 2023 & 2024"- শীর্ষক কর্মশালা আয়োজন।

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) ও ইউনেস্কো ঢাকা অফিসের যৌথ উদ্যোগে আজ ১৯ আগস্ট ২০২৫ তারিখ (মঙ্গলবার) সকাল ৯:৩০ মিনিটে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের সম্মেলন কক্ষে (৪র্থ তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুন বাগিচা, ঢাকা-১০০০) "Dissemination of Key Findings of Global Education Monitoring (GEM) Report 2023 & 2024"- শীর্ষক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সম্মানিত অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জনাব নুজহাত ইয়াসমিন। বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল ও আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালকসহ ইউনেস্কো ঢাকার শিক্ষা বিষয়ক প্রধান মি. নোরিহিদে ফুরুকাওয়া উক্ত কর্মশালায় উপস্থিত ছিলেন।

এছাড়াও, শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর/সংস্থার প্রতিনিধিবৃন্দ, শিক্ষকবৃন্দ, ইউনেস্কো ঢাকা অফিসের সম্মানিত প্রতিনিধিবৃন্দ, উন্নয়ন-সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ এতে উপস্থিত ছিলেন। ইউনেস্কো সদর দপ্তরের Mr. Manos Antoninis, Director, Global Education Monitoring Report, UNESCO অনলাইনে তার বক্তব্য প্রদান করে প্রশ্নোত্তর পর্বে অংশগ্রহণ করেন।

মূলত ইউনেস্কো কর্তৃক ২০০২ সাল থেকে এই বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হয়ে আসছে। এই প্রতিবেদন প্রকাশের উদ্দেশ্য হলো বিশ্বব্যাপী শিক্ষা-ব্যবস্থার অগ্রগতি, চ্যালেঞ্জ এবং নীতিগত সুপারিশ তুলে ধরা। প্রতিবছর একটি নির্দিষ্ট প্রতিপাদ্যের ভিত্তিতে এই প্রতিবেদন প্রকাশ করা হয়ে থাকে। সেই ধারাবাহিকতায়, ২০২৩ ও ২০২৪ যথাক্রমে "Technology in Education: A Tool on Whose Terms?" এবং "Leadership in Education: Lead for Learning" প্রতিপাদ্যের উপর এই প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। এই দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বৈশ্বিক প্রতিবেদন আমাদের শিক্ষা খাতের উন্নয়ন যাত্রায় মূল্যবান দিকনির্দেশনা প্রদান করবে বলে বক্তাগণ আশা প্রকাশ করেন।

বার্তা প্রেরক:

3. 19.08.2025

মোহাম্মদ আব্দুল ওয়াসিম
প্রোগ্রাম অফিসার
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন